

ঝুঁটুত্ত্ব

ঢাবিতে দক্ষিণ এশিয়া আঞ্চলিক সম্মেলন শুরু

প্রকাশ : ২০ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে দু'দিনব্যাপী দক্ষিণ এশিয়া আঞ্চলিক সম্মেলন। সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ‘জেন্ডার, রাইটস অ্যান্ড চেমেন্সেস : একসেস ট্যু জাস্টিস ইন এ মেগাসিটি’ শীর্ষক সম্মেলনের উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগ এবং বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট যৌথভাবে সম্মেলনের আয়োজন করছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মো. আখতারজামান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত লিওনি মার্গারেথা কুরেলেনেয়ার, সংবিধান প্রণেতা ড. কামাল হোসেন, প্লোবাল লিগ্যাল ইম্পাওয়ারমেন্ট নেটওয়ার্কের সিনিয়র উপদেষ্টা মারলন জে ম্যানুয়েল, বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্টের পরামর্শক ব্যারিস্টার ফারিয়া আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. ফেরদৌস জাহান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্টের অনারারি এক্সিকিউটিভ ডিরেক্টর সারা হোসেন।

ডিসি অধ্যাপক ড. মো. আখতারজামান বাংলাদেশে নারীর ক্ষমতায়ন, সামাজিক ন্যায়বিচার ও লিঙ্গ সমতা নিশ্চিত করতে ঐক্যবন্ধভাবে কাজ করার জন্য পেশাজীবী, আইনজীবী, শিক্ষক, গবেষক ও সমাজকর্মীদের প্রতি আহ্বান জানান। বাংলাদেশ ইতিমধ্যেই উন্নয়নশীল দেশের মর্যাদা লাভ করেছে।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যন্মুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।